গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিংড়া, নাটোর।
**www.singra.natore.gov.bd**

স্মারক সংখ্যা: ০৫.৪৩.৬৯৯১.০০.০৬.০৫.০০৫.২০- ৬১৫

তারিখঃ ১৯ বৈশাখ, ১৪৩১
০২ মে, ২০২৪

"নিয়োগ বিজ্ঞপ্তি"

নাটোর জেলার সিংড়া উপজেলাধীন নিম্নবর্ণিত ৭ টি ইউনিয়ন পরিষদের ১২ (বারো) টি মহল্লাদার (গ্রামপুলিশ) এর পদ শূন্য হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এর ৩(১) এর (ক) এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩(১) এর (ক) বিধি অনুযায়ী ইউনিয়নে মহল্লাদারের শূন্যপদ পূরণ এবং প্যানেল তৈরীর লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | ইউনিয়নের নাম | পদের সংখ্যা | ওয়ার্ড নম্বর | বেতন ভাতা | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | মহল্লাদার | সুকাশ | ০২ | ৮, ৯ | বিদ্যমানে সরকারী অংশ=৩২৫০/- ও রাজস্ব অংশ=৩২৫০/- এবং অন্যান্য ভাতা প্রদেয়। | ১৮-৩০ বছর | ন্যূনতম ৮ম শ্রেণি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | ” | ইটালী | ০১ | ৫ | | | |
| ০৩ | ” | শেরকোল | ০২ | ৪, ৬ | | | |
| ০৪ | ” | তাজপুর | ০১ | ৬ | | | |
| ০৫ | ” | চৌগ্রাম | ০১ | ৬ | | | |
| ০৬ | ” | ছাতারদিঘী | ০১ | ৫ | | | |
| ০৭ | ” | রামানন্দ খাজুরা | ০৪ | ৩, ৪, ৭ ও ৮ | | | |

আবেদনের শর্তাবলীঃ

০১। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া, নাটোর বরাবর আগামী ২৩ মে ২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতীত) সরাসরি/রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরণ করতে হবে।

০২। প্রার্থীকে নাটোর জেলার সিংড়া উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে; তবে শূন্য ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।

০৩। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফিট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); ও সর্বনিম্ন ওজন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফিট, সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); ও সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

০৪। প্রার্থীকে শারীরিক ও মানসিক অসুস্থতামুক্ত এবং সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।

০৫। আবেদনপত্রে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) পদের নাম (ইউনিয়নের নাম ও ওয়ার্ডে নম্বরসহ) (ছ) জন্ম তারিখ (জ) ২৩ মে ২০২৪ খ্রি. তারিখে বয়স (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত রঙ্গিন ছবি (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) শিক্ষাগত যোগ্যতার বিবরণ:

| পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ডের নাম | প্রাপ্ত বিভাগ/জিপিএ | পাশের সাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|

০৬। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র। (ওয়ার্ড উল্লেখ থাকতে হবে)

(খ) ১ ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে।

(গ) প্রার্থীকে সিংড়া শাখার যে কোন তফসীল ব্যাংক হতে ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার(অফেরতযোগ্য) আবেদনপত্রে সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) নিজ ঠিকানা সম্বলিত ৭/=(সাত) টাকার ডাকটিকিট লাগানো ৯/৪ ইঞ্চি আকারের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঙ) প্রথম ০৬(ছয়) মাস শিক্ষানবিশ ও অস্থায়ী হিসেবে কর্মরত থাকতে হবে।

০৭। প্রার্থীর বয়সসীমা ২৩ মে ২০২৪ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে; তবে মুক্তিযোদ্ধার সন্তান/পৌত্র/পৌত্রীদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৮। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/পৌত্র/পৌত্রী হিসেবে প্রার্থীকে আবেদনের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের

মূল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৯। নির্বাচনী পরীক্ষা/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কর্তৃপক্ষ প্রয়োজনে সরকারি নির্দেশনার আলোকে কোন শর্ত সংশোধন ও পরিবর্তন, পরিবর্ধন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা নিয়োগ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সকল শর্তাবলি পালন করা হবে।

১৪। মহল্লাদার (গ্রামপুলিশ) পদের আবেদনপত্র unosingra@mopa.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

02.09.2024

(হা-মীম তাবাসসুম প্রভা)
উপজেলা নির্বাহী অফিসার
সিংড়া, নাটোর।
ফোন:০২৫৮৮৮-৭৫৮০২
ই-মেইল: **unosingra@mopa.gov.bd**

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

০৪। জেলা প্রশাসক, নাটোর।

০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নাটোর।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিংড়া, নাটোর।

০৭। মেয়র, সিংড়া পৌরসভা, নাটোর।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। উপজেলা প্রকৌশলী, সিংড়া, নাটোর।

০২। অফিসার-ইন্-চার্জ,সিংড়া থানা, নাটোর।

০৩। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সিংড়া, নাটোর।

০৪। উপজেলা.............................................অফিসার, সিংড়া, নাটোর।

০৫। সহকারী প্রোগ্রামার, সিংড়া, নাটোর (তাঁকে সিংড়া উপজেলার নিজস্ব ওয়েব সাইটে নিয়োগ বিজ্ঞপ্তিটি আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

০৬। চেয়ারম্যান, ...........................................ইউনিয়ন পরিষদ, সিংড়া, নাটোর। (নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়ন ওয়েব পোর্টালে প্রকাশসহ সংশ্লিষ্ট ওয়ার্ডেসমূহে ব্যাপক প্রচারঅন্তে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)

০৭। অফিস কপি।